



# বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়

BANGLADESH OPEN UNIVERSITY

তথ্য ও গণসংযোগ বিভাগ

গাজীপুর-১৭০৫, ফোন-৯৯৬৬৯১১১৯

ই-মেইল : [iprd@bou.ac.bd](mailto:iprd@bou.ac.bd)

“শিক্ষা নিয়ে গড়ব দেশ  
শেখ হাসিনার বাংলাদেশ”



“বাউবির দীক্ষা : সবার জন্য উন্মুক্ত  
কর্মমুখী, গণমুখী ও জীবনব্যাপী শিক্ষা”

## প্রেস রিলিজ

১৭ সেপ্টেম্বর ২০২২

### বঙ্গবন্ধু ইন্টার ইউনিভার্সিটি স্পোর্টস চ্যাম্পিয়নশিপে বাউবির জয়লাভ

বঙ্গবন্ধু ইন্টার ইউনিভার্সিটি স্পোর্টস চ্যাম্পিয়নশিপের এক ফুটবল টুর্নামেন্টে আজ শনিবার ১৭ সেপ্টেম্বর ২০২২ গণ বিশ্ববিদ্যালয়ের সাভার কাম্পাসে অনুষ্ঠিত হয়। বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় এই ফুটবল ম্যাচে রয়েল ইউনিভার্সিটি অব ঢাকাকে ৪-০ গোলে পরাজিত করে জয়লাভ করে। খেলায় জয়ী হয়ে দ্বিতীয় রাউন্ডের পথে এগিয়ে রয়েছে বাংলাদেশ বাউবি ফুটবল দল। খেলার ১৫ মিনিটে বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের পক্ষে প্রথম গোল করেন কম্পিউটার সায়েন্স অ্যান্ড টেকনোলজি বিভাগের আইয়ুব আলী। তিনি এরপর ৪০ মিনিটে আবারও গোল করেন। খেলার প্রথম থেকেই আইয়ুব আলীর সঙ্গে দুর্দান্ত দক্ষতায় বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের আক্রমণভাগে খেলেছেন ফয়সাল হোসেন। তিনি খেলার ২৫ ও ৫০ মিনিটের সময় বাকি দুটি গোল করেন। প্রতিটি গোলার ক্ষেত্রেই অ্যাসিস্ট করেছেন দলীয় অধিনায়ক মাহিদ হিমেল।



শুরু থেকে তুমুল আক্রমণ পাঁটা আক্রমণে জমে ওঠে ফুটবলের লাড়াই। তবে পর পর কয়েকটি গোল হজম করতে হয়েছে রয়েল ইউনিভার্সিটি অব ঢাকাকে। পাশাপাশি বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের শক্তিশালী রক্ষণভাগ অতিক্রম করে মধ্যমাঠ পেরিয়ে যাওয়ার মতো তেমন কোনো সফল আক্রমণ চোখে পড়েনি। পুরো খেলায় সবমিলিয়ে হাতে গোণা কয়েকবার গোলে শর্ট নিতে পারলেও তা সফলতার মুখ দেখেনি।

পুরো ম্যাচে দক্ষতার সঙ্গে বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের রক্ষণভাগ সামলেছেন সজীব। পাশাপাশি নিজ নিজ অবস্থান থেকে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখেন মোঃ তারেক মাহমুদ, রকিবুল ইসলাম রকি, রিয়াদ, মাহমুদুল হাসান, মেহেদী হাসান ফয়সাল এবং মাসুদুর রহমান।

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ড. সৈয়দ হুমায়ুন আখতার খেলায় জয়লাভ এবং নতুন দল হিসেবে শুরুতেই এমন উড়ন্ত সূচনা করায় খেলোয়াড়দের আন্তরিক অভিনন্দন, ধন্যবাদ ও শুভেচ্ছা জানিয়েছেন। পরবর্তী ম্যাচগুলোতেও সাফল্যের এই ধারা অব্যাহত থাকবে বলে তিনি আশাবাদ ব্যক্ত করেন। বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের প্রো-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. নাসিম বানু এবং প্রো-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. মাহবুবা নাসরীন শিক্ষার্থীদের এই সাফল্যে তাদের শুভেচ্ছা জানিয়েছেন।

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের পক্ষে খেলার সার্বিক ব্যবস্থাপনা ও তত্ত্বাবধানে ছিলেন ইতিহাসের সহকারী অধ্যাপক ড. মো. আদনান আরিফ সালিম এবং কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের প্রভাষক মাহমুদুল হাসান তুহিন।

ড. আ.ফ.ম মেজবাহ উদ্দিন  
পরিচালক (ভারপ্রাপ্ত)